

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

বার্ড ইনোভেশন টিমের তৃতীয় সভার কার্যবিবরণী, ২০১৯-২০২০ খ্রিঃ

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
তারিখ : ১২/০৯/২০১৯ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০.৩০ মিনিট

সভাপতিঃ মোঃ সফিকুল ইসলাম
পরিচালক (গবেষণা)

উপস্থিত সদস্যবৃন্দঃ

- ১। জনাব শেখ মাসুদুর রহমান, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ২। কাজী সোনিয়া রহমান, উপ-পরিচালক, বার্ড।
- ৩। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ-পরিচালক, বার্ড।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ১। নতুন ধারণা বা উদ্ভাবনের জন্য আহবান জানানো চিঠির প্রেক্ষিতে ড. মোঃ কামরুল হাসান, যুগ্ম-পরিচালক, বার্ড কর্তৃক প্রেরিত “মুক্তিযুদ্ধ কর্ণার” তৈরীর ধারণাটি অত্যন্ত যুগোপযোগী। যেহেতু, বার্ডে “বঙ্গবন্ধু কর্ণার” নামে একটি সংগ্রহশালা রয়েছে, তাই স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি বিদ্যমান “বঙ্গবন্ধু কর্ণার”-এ সংরক্ষণ করা যেতে পারে।

দায়িত্ব: ড. মোঃ কামরুল হাসান
যুগ্ম-পরিচালক (পল্লী শিক্ষা)

- ২। বার্ড, পল্লী উন্নয়নের পথিকৃৎ প্রতিষ্ঠান, তাই পল্লীর কৃষি, সংস্কৃতি ও ঐতিহ্যের বিশেষ তথ্য, লোকগীতি, কৃষির সনাতন পদ্ধতির বিভিন্ন উপকরণ ইত্যাদি সংগ্রহ করে বার্ডে “ঐতিহ্যগত পল্লীর জীবন ও সংস্কৃতি” নামক একটি কর্ণার তৈরীর বিষয়ে ড. মোঃ কামরুল হাসান, যুগ্ম-পরিচালক, বার্ড নতুন ধারণা বা উদ্ভাবন প্রদান করেন। উল্লিখিত, বিষয়ে তথ্য উপাত্ত প্রাপ্তির সাপেক্ষে একটি কর্ণার তৈরীর উদ্যোগ নেয়া যেতে পারে।

দায়িত্ব: ড. মোঃ কামরুল হাসান
যুগ্ম-পরিচালক (পল্লী শিক্ষা)

- ৩। জনাব নাহিমা আক্তার, যুগ্ম পরিচালক, বার্ড, Ideal Bank-এ জমা দেয়ার জন্য একটি Idea দিয়েছেন। তিনি মশিআপুউ প্রকল্পের গ্রাম সংগঠনের সুফলভোগীদের উৎপাদিত ও তৈরিকৃত ভাল ও দৃষ্টিনন্দন পণ্যসামগ্রী প্রকল্পের ওয়েবপেইজ তৈরি করে পণ্য মেলা ও অনলাইনে বিপণন কার্যক্রম চালু করার ধারণা বা উদ্ভাবন প্রদান করেন।


দায়িত্ব: জনাব নাহিমা আক্তার
যুগ্ম-পরিচালক (পল্লী সমাজতত্ত্ব)


- ৪। ০৪টি কল্যাণ ইনকিউবেটর নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। BAPARD, গোপালগঞ্জ থেকে সংশ্লিষ্ট অনুষদগণ বার্ডের সাথে যোগাযোগ করলে উল্লিখিত সংখ্যক কল্যাণ ইনকিউবেটর হস্তান্তর করা হবে।

- ৫। লাইব্রেরী ম্যানেজমেন্ট সফটওয়্যার, বার্ড -এ ২৫ হাজার বইয়ের ডাটা এন্ট্রি করা হয়েছে। এছাড়া, বার্ড মডেল স্কুলের সফটওয়্যার তৈরির কাজ সম্পন্ন হয়েছে ও এর টেস্টিং এর কাজ চলমান রয়েছে।

- ৬। অক্টোবর ২০১৯খ্রি. মাসের মারামাঝি সময়ে বার্ডের দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইনোভেশন সংক্রান্ত ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন করা হবে।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রিয়াজ মাহমুদ)
উপ-পরিচালক (পল্লী অর্থনীতি)
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি


(মোঃ সফিকুল ইসলাম)
পরিচালক (গবেষণা)
এবং
ইনোভেশন অফিসার

বিতরণঃ

- ১। পরিচালক (প্রশাসন), বার্ড।
- ২। পরিচালক (প্রশিক্ষণ), বার্ড।
- ৩। কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ, বার্ড।
- ৪। জনাব মোঃ আশিক সরকার লিফাত, সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।